

প্রতিদিনের সংবাদ

www.protidinersangbad.com

ড্যাফোডিলে বার্ষিক্যবিষয়ক যুব সম্মেলনে বক্তারা

প্রবীণদের বাদ রেখে উন্নয়নকে বেশি ত্বরান্বিত করা যাবে না

প্রকাশ | ০৪ জুলাই ২০১৮, ০০:০০



অনলাইন ডেস্ক



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে সোস্যাল বিজনেস স্টুডেন্ট ফোরামের (এসবিএসএফ) আয়োজনে ২৮ জুন বৃহস্পতিবার 'বার্ষিক্যবিষয়ক যুব সম্মেলন ২০১৮' অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে অনুষ্ঠিত এ সম্মেলনে প্রধান অতিথি ছিলেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক। পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) চেয়ারম্যান কাজী খলীকুজ্জমান আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারের প্যানেল আলোচনায় অংশ গ্রহণ করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান, চ্যানেল টোয়েন্টি ফোরের প্রধান নির্বাহী কর্মকর্তা ও স্যার ইউলিয়াম বেভারিজ ফাউন্ডেশনের কান্ট্রি ডিরেক্টর মেজর জেনারেল (অব.) জীবন কানাই দাস, জাতীয় প্রবীণ মঞ্চের সদস্য সচিব আবুল হাসিব খান, বয়স্ক পুনর্বাসন কেন্দ্রের পরিচালক মাসুমা খাতুন লিপি ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বাণিজ্য অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মাসুম ইকবাল। সম্মেলনে ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষার্থী মো. রিফাত একটি প্রবীণবান্ধব মোবাইল অ্যাপের ধারণা উপস্থাপন করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের ঈর্ষণীয় উন্নয়ন ঘটছে, কিন্তু প্রবীণদের বাদ রেখে এ উন্নয়নকে খুব বেশি ত্বরান্বিত করা যাবে না। কারণ তারা সমাজেরই অংশ। তাই উন্নয়নকে টেকসই করতে হলে

একটি প্রবীণবান্ধব সমাজ গড়ে তুলতে হবে। বাংলাদেশ সরকার এ উদ্দেশ্যে ২০১৩ সালে জাতীয় প্রবীণ নীতিমালা করেছে এবং প্রবীণ ভরণপোষণ আইন প্রণয়ন করেছে। তবে এই আইনের খুব একটা প্রয়োগ নেই বলে জানান কাজী রিয়াজুল হক। তিনি বলেন, এ পর্যন্ত এই আইনে মাত্র দুটি মামলা হয়েছে বলে তিনি জানেন।

তরুণ শিক্ষার্থীদের উদ্দেশ্যে কাজী রিয়াজুল হক বলেন, বার্ষিক্যের যুব সম্মেলন একটি নতুন ধারণা। এই সময় উপযোগী ধারণাকে সর্বস্তরের তরুণদের মধ্যে ছড়িয়ে দিতে হবে। তাহলে তরুণরা প্রবীণদের প্রতি দায়িত্ববোধ সম্পর্কে সচেতন হবে। ড্যাফোডিল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান তার স্বাগত বক্তব্যে বলেন, প্রযুক্তির উৎকর্ষকতার কারণে মানুষের ব্যস্ততা বেড়েছে। গড়ে উঠেছে নানা ধরনের সামাজিক যোগাযোগমাধ্যম। কিন্তু তারপরও ঘাটতি দেখা দিয়েছে আন্তঃসম্পর্কের জায়গাগুলোয়। এই আন্তঃসম্পর্কের ঘাটতি পূরণ করার জন্য নবীন-প্রবীণের মধ্যে সমন্বয় গড়ে তোলার কোনো বিকল্প নেই। 'বার্ষিক্যবিষয়ক যুব সম্মেলন' নবীন-প্রবীণের মধ্যে একটি কার্যকর সমন্বয় গড়ে তুলবে বলে আশা প্রকাশ করেন তিনি। ড. মো. সবুর খান বলেন, আমাদের প্রতিটি ধর্মেই প্রবীণদের শ্রদ্ধা, সম্মান ও অধিকারের কথা বলা হয়েছে। তরুণদের উচিত তাদের পরিবারের প্রবীণ সদস্যদের প্রতি দায়িত্বশীল হওয়া। সভাপতির বক্তব্যে পিকেএসএফের চেয়ারম্যান কাজী খলীকুজ্জমান আহমদ বলেন, বাংলাদেশের মানুষের গড় আয়ু বাড়ছে। আজকের সংবাদপত্রেই খবর এসেছে, গড় আয়ু এখন ৭২ বছর। এ দেশে বর্তমানে ৭ শতাংশ মানুষ প্রবীণ। এই বিপুলসংখ্যক জনগোষ্ঠীর কথা আমাদের ভাবতে হবে। কারণ মানুষ বৃদ্ধ হয়ে গেলে অসহায় হয়ে পড়ে। আর্থিক সংকট, অসুখ-বিসুখ, একাকিত্ব এ রকম নানা কারণে তারা অসহায় হয়ে পড়ে। এ সময় তাদের পাশে দাঁড়ানোটা তরুণদের দায়িত্ব। কাজী খলীকুজ্জমান আহমদ আরো বলেন, উন্নত দেশগুলোয় সামাজিক সুরক্ষা বিষয়টি যেভাবে কার্যকর, আমাদের দেশে তা নেই। এ জন্য সমাজের সর্বস্তরের মানুষকে এগিয়ে আসতে হবে সামাজিক সুরক্ষা তৈরি করার জন্য। তরুণদের তিনি বলেন, তোমাদের হাত ধরে এমন একটা সমাজ প্রতিষ্ঠিত হবে, যেখানে প্রতিটি সন্তান তার পরিবারের প্রবীণ ব্যক্তির দায়িত্ব নেবে। এমনকি যে প্রবীণ ব্যক্তির কোনো সন্তান নেই, তিনিও যেন সন্তানের অভাব অনুভব না করেন এমন একটি প্রবীণবান্ধব নৈতিক সমাজ প্রতিষ্ঠার স্বপ্ন আমরা দেখি। তোমরা আমাদের সেই স্বপ্নপূরণ করবে বলে বিশ্বাস রাখি। সংবাদ বিজ্ঞপ্তি।

"

ভারপ্রাপ্ত সম্পাদক : **মাহমুদ আনোয়ার হোসেন**, ফ্রন্ট মিডিয়া লিমিটেড এর পক্ষে **মোঃ তাজুল ইসলাম** কর্তৃক ১৫৯/ ডি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও মিডিয়া প্রিন্টার্স, ৪৪৬/এইচ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, ঢাকা থেকে মুদ্রিত। ফোন : ৮৮০-২-৮৮৭০৬৪০, মোবাইল : অনলাইন- ০১৬৭৮-৪৪০৬০৬, মফস্বল- ০১৬৭৮-৪৪০৬১১, বিজ্ঞাপন- ০১৮৪৪-১৬৮৫৭৮ ই-মেইল : অনলাইন- pdsonline24@gmail.com, বিজ্ঞাপন- deshjogajog@gmail.com, advtptionsangbad@gmail.com.

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি